
ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৬২৩

কুমারঘাট, ২৯ আগস্ট, ২০২৫

**কুমারঘাটে ভেঙ্গে পড়া বাঁধ মেরামতের কাজ চলছে**

গত ২৮ আগস্ট, ২০২৫ তারিখ সকাল ৭টায় ঊনকোটি জেলার কুমারঘাটে শিবথলির কাছে পিডব্লিউডি ডাক বাংলোর পেছনের ৬০ মিটার দৈর্ঘ্য ও ৯ মিটার উচ্চতার বাঁধটি হঠাৎ ভেঙ্গে পড়ে। এই সংবাদ পেয়ে পূর্ত দপ্তরের (জল সম্পদ) ঊনকোটি জেলার আধিকারিকগণ ঘটনাস্থলে ছুটে যান এবং ক্ষতিগ্রস্ত বাঁধটির পুন:নির্মাণের জন্য তাৎক্ষণিকভাবে একটি সংস্থাকে নিযুক্ত করেন। যুদ্ধকালীন ভিত্তিতে কাজ শুরু হয় এবং দিনরাত কাজ চলছে। এখন পর্যন্ত বাঁধের মাটি ভরাট প্রায় সম্পন্ন হয়েছে। বর্তমানে জলসম্পদ বিভাগ ক্ষতিগ্রস্ত অংশটি মাটি এবং ইটের টুকরো দিয়ে ভরাট করেছে এবং বাঁধের ক্ষতিগ্রস্ত অংশ পুন:নির্মাণের জন্য নদীর ধারেও ইটের টুকরো দিয়ে ভরাট করা হয়েছে। আশা করা যাচ্ছে যে আগামীকাল অর্থাৎ ৩০ আগস্ট, ২০২৫ তারিখের মধ্যে বাঁধ সংস্কারের কাজ শেষ হবে।

বাঁধ ভেঙ্গে পড়ার কারণ হচ্ছে বহুবছর ধরে বাঁধের সংলগ্ন স্থানে জলাবদ্ধতা। পূর্ত দপ্তরের (আর এন্ড বি) আধিকারিকগণও ঘটনাস্থল পরিদর্শন করেছেন এবং জমে থাকা জল নিষ্কাষণের মাধ্যমে এ সমস্যা সমাধানের জন্য তারা দ্রুত আরসিসি ড্রেন নির্মাণের সিদ্ধান্ত নিয়েছেন। পূর্ত দপ্তর (জল সম্পদ) এ জলাবদ্ধতার সমস্যা সমাধানের জন্য অবিলম্বে স্লুইচ ভাল্ব সহ জিআই পাইপ স্থাপন করবে। পূর্ত দপ্তরের (জল সম্পদ) মুখ্য বাস্তুকার এক বিবৃতিতে এই তথ্য জানিয়েছেন।

******

pd